সংবাদ

তারিখ 21-AUG-2016

রোকেয়া বিশ্ববিদ্যালয়

# নিখোঁজ শিক্ষার্থীর তালিকা জমাদানের নির্দেশ উপেক্ষিত

## *২১ বিভাগের মধ্যে চার বিভাগের তালিকা জমা*

**প্রতিনিধি, বেরোবি**

নিখোঁজ শিক্ষার্থীদের তালিকা প্রণয়ন করে বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সরকারকে তালিকা জমাদানের নির্দেশ উপেক্ষা করছে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের বিভাগগুলো। বিশ্ববিদ্যালয়ে ২১টি বিভাগ থাকলেও নির্দেশ পাওয়ার প্রায় এক মাস গত হলেও এ পর্যন্ত মাত্র চারটি বিভাগ তাদের নিখোঁজ কিংবা ১০ দিনের বেশি অনুপস্থিত রয়েছে এমন শিক্ষার্থীদের তালিকা রেজিস্ট্রারের কাছে জমা দিয়েছে। এই চার বিভাগে এ পর্যন্ত দুই শিক্ষার্থী দীর্ঘদিন ধরে নিখোঁজ রয়েছে বলে স্ব স্ব বিভাগ উল্লেখ করেছে। এদের মধ্যে একজন দেশের আলোচিত রংপুরে জাপানি নাগরিক হোচি কোনিও হত্যা মামলার মাস্টারমাইন্ড চার্জশিটভুক্ত আসামি আহসান উল্লাহ আনসারী ওরফে বিপ্লব পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থী। এছাড়াও তথ্য প্রদানকারী চার বিভাগে বিনা কারণে ১০ দিনের বেশি অনুপস্থিত রয়েছে এমন শিক্ষার্থী বিভাগে নেই বলে তথ্য প্রদান করেছে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর সূত্রে জানা গেছে, গুলশান ও শোলাকিয়ায় জঙ্গি হামলার পর ছাত্র সংশ্লিষ্টতার কারণে শিক্ষা প্রতিষ্ঠানে দীর্ঘদিন এবং ১০ দিনের বেশি অনুপস্থিত আছে এমন শিক্ষার্থীদের তালিকা সরকারকে সরবরাহ করার নির্দেশ পাওয়ার পর গত ১৯ জুলাই জরুরি ভিত্তিতে এ সংক্রান্ত তথ্য চেয়ে ২১ টি বিভাগে লিখিত নির্দেশ দেয়া হয়। তবে গত এক মাস পার হলেও নিখোঁজ কিংবা ১০ দিনের বেশি অনুপস্থিত আছে এমন শিক্ষার্থীদের তালিকা প্রদানের নির্দেশ উপেক্ষা করছে বিশ্ববিদ্যালয়ের বেশিরভাগ বিভাগ। ২১টি বিভাগের মধ্যে ১৭ টি বিভাগই এখনও এ সংক্রান্ত কোন তথ্য রেজিস্ট্রার দপ্তরে পাঠায়নি। গত বৃহস্পতিবার ১৮ আগস্ট বিকেল ৩টা পর্যন্ত মাত্র চারটি বিভাগ রেজিস্ট্রার বরাবর শিক্ষার্থীদের তথ্য প্রদান করেছে। তথ্য প্রেরণকারী বিভাগুলো হলো পরিসংখ্যান, ইংরেজি, উইমেন অ্যান্ড জেন্ডা স্টাডিজ এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ। এই চার বিভাগের মধ্যে পরিসংখ্যান বিভাগের একজন এবং উইমেন অ্যান্ড জেন্ডা স্টাডিজ বিভাগের একজন মোট ২ জন শিক্ষার্থী দীর্ঘদিন থেকে নিখোঁজ রয়েছে বলে বিভাগগুলো লিখিতভাবে জানিয়েছে। এদের মধ্যে পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থী আহসান উল্লাহ আনসারী ওরফে বিপ্লব রংপুরে জাপানি নাগরিক হোচি কোনিও হত্যা মামলার মাস্টারমাইন্ড চার্জশিটভুক্ত আসামি। বিপ্লব ২০১৫ সালের ১৬ অক্টোবর থেকে নিখোঁজ রয়েছে। তবে পুলিশের মতে, সে পলাতক এবং তার বিরুদ্ধে ইতোমধ্যে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। অন্যদিকে, উইমেন এন্ড জেন্ডা স্টাডিজ বিভাগের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মতিয়ার রহমান গত সাত মাস থেকে নিখোঁজ রয়েছে।

তবে চার বিভাগের বাইরেও অন্য বিভাগগুলোতে নিখোঁজ শিক্ষার্থী কিংবা ১০ দিনের বেশি অনুপস্থিত রয়েছে ধারণা করলেও বিভাগগুলো কর্তৃক তথ্য জমা না দেয়ায় পুরো বিশ্ববিদ্যালয়ের নিখোঁজ শিক্ষার্থীদের তালিকা প্রণয়নে জটিলতা দেখা দিয়েছে। কেননা এর আগেও জঙ্গি সম্পৃক্ততার অভিযোগে গত ১০ এপ্রিল থেকে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের আবদুল্লা আল মামুন ওরফে আপন নিখোঁজ রয়েছে বলে সূত্রে জানা গেছে। একই সঙ্গে নির্দেশ উপেক্ষাকারী বিভাগগুলো কবে নাগাদ তথ্য প্রদান করবে সে বিষয়েও নির্দিষ্ট কোন তথ্য দিতে পারেনি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহম্মদ ইব্রাহীম কবীর। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহম্মদ ইব্রাহীম কবীর সংবাদ'কে বলেন, নিখোঁজ কিংবা ১০দিনের বেশি অনুপস্থিত আছে এমন শিক্ষার্থীদের তালিকা প্রণয়ন ও জমাদানের জন্য বিভাগগুলোতে লিখিত নির্দেশনা দেয়ার পরও সব বিভাগ তথ্য প্রেরণ করেনি বিষয়টি দুঃখজনক। তবে যে চারটি বিভাগ তাদের তথ্য দিয়েছেন সেই তথ্য আমরা ইতোমধ্যে পুলিশ প্রশাসনের কাছে প্রেরণ করেছি। তিনি আরও বলেন, বাকি যে বিভাগগুলো আছে সেগুলো শীঘ্রই তথ্য না দিলে উপাচার্যের সঙ্গে কথা বলে প্রয়োজনে পরবর্তীতে নতুন করে আবারও নির্দেশনা দেয়া হবে।'